

আলোচনা সভায় বক্তারা দেশে সাড়ে ৩ শতাংশ শিশু স্কুলের বাইরে

■ সমকাল প্রতিবেদক
 দেশের ৩ থেকে সাড়ে ৩ শতাংশ শিশু স্কুলের বাইরে রয়েছে। এদের বিপুল অংশ
 ঝুঁকিপূর্ণ শ্রমের সঙ্গে জড়িত।
 গড়কাপ, রাজধানীর শাহবাগে আতীয় গ্রন্থাগারের শওকত ওসমান
 মিলনায়তনে শিশুশ্রম প্রতিরোধ দিবস ২০১৫ উপলক্ষে আলোচনা সভা, পুরস্কার
 বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন।
 মানুষের জন্য ফাউন্ডেশনের সহযোগিতায় বেসরকারি উন্নয়ন সংস্থা
 অপরাজেয় বাংলাদেশ, কমিউনিটি পার্টিসিপেশন অ্যান্ড ডেভেলপমেন্ট
 (সিপিডি), ভলান্টিয়ারি অ্যাসোসিয়েশন ফর ফ্যামিলি ওয়েলফেয়ার অ্যান্ড
 সোশ্যাল ডেভেলপমেন্ট (ভাসফুড), সোশ্যাল অ্যান্ড ইকোনমিক এনহ্যান্সমেন্ট
 প্রোগ্রাম (সিপ), সহায় এবং নবলোক যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে।
 সভায় শ্রম ও কর্মসংস্থানবিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সদস্য মোহাম্মদ
 ইসরাফিল আলম এমপি বলেন, শিশুশ্রম বন্ধ করতে হলে প্রথমে শিশুরা কেন
 শ্রমের সঙ্গে যুক্ত হচ্ছে সে বিষয়টি খুঁজে বের করতে হবে এবং সমস্যা সমাধানের
 জন্য একাবদ্ধভাবে কাজ করে যেতে হবে। সরকারের মূল লক্ষ্য হলো একটি
 শিশুও যেন শিফার আলো থেকে বঞ্চিত না হয়।
 তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী বলেন, যত
 কষ্টই হোক নিজের বাচ্চাটিকে স্কুলে পাঠানোর প্রতিজ্ঞা করতে হবে বাবা-
 মাকে। আর সে জন্য যে সহযোগিতা দরকার তা রাষ্ট্রকে দিতে হবে। মানুষের
 জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনামের সভাপতিত্বে অনুষ্ঠানে
 বক্তব্য রাখেন সিপিডির নির্বাহী পরিচালক মোসলেখা বারী, সহায়ের নির্বাহী
 পরিচালক জামিলা সুলতানা, অপরাজেয় বাংলাদেশের নির্বাহী পরিচালক
 ওয়াহিদা বানু, ভাসফুডের প্রধান নির্বাহী ডা. আবদুল কাইয়ুম লস্কর, সিপের
 উপ-নির্বাহী পরিচালক তহমিনা জেসমিন মিতা, নবলোকের উপ-প্রধান নির্বাহী
 পরিচালক কাজী রাজীব ইকবাল প্রমুখ।